# সংবাদ

তারিখ : 30 AUG 2016
পৃষ্ঠা ৪ কলাম ২

## উপবৃত্তি, বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ বিশ্বে রোলমডেল : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

দেশে বাস্তবায়নাধীন উপবৃত্তি, বিনামূল্যে পাঠ্যপুস্তকের মতো বিভিন্ন শিক্ষাবান্ধব কর্মসূচি সারা বিশ্বে শিক্ষার উন্নয়নে রোলমডেল হিসেবে বিবেচিত হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

গতকাল রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের স্টাইপেন্ড ডাটা ম্যানেজমেন্ট সফটওয়্যার বিষয়ে ওরিয়েন্টেশন ও মতবিনিময় সভায় মন্ত্রী এ কথা বলেন। উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের পরিচালক শ্যামা প্রসাদ বেপারীর সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষাসচিব সোহরাব হোসাইন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামানও বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, উপবৃত্তি বিতরণ ব্যবস্থায় তথ্যপ্রযুক্তির ব্যাপক ব্যবহার স্বচ্ছতা বৃদ্ধির পাশাপাশি বিতরণ ব্যবস্থাকে অনেক সহজ করেছে। এখন সহজে মুহূর্তের মধ্যে দরিদ্র শিক্ষার্থীকে মোবাইলে উপবৃত্তির টাকা পৌঁছে দেয়া হচ্ছে। নারীর ক্ষমতায়ন ও দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ধরে রাখতে উপবৃত্তি কার্যকর ভূমিকা বিবেচনা করে সরকার এ ধরনের প্রকল্প আরও প্রসারিত করার কথা বিবেচনা করছে বলে জানান মন্ত্রী।